# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ৩২ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
তারিখ : ০৯-১২-২০২১ খ্রিঃ।
সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন। সভার শুরুতে তিনি শ্রদ্ধাভরে স্মরণ করেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ৩০ লক্ষ শহীদ এবং ৪ লক্ষ মা বোনদের, যাদের আত্মত্যাগের বিনিময়ে আমাদের স্বাধীনতা। তিনি দীর্ঘ নয় মাসের মুক্তিযোদ্ধ ও বিজয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এরপর তিনি স্বাধীনতার ৫০ বছর পুর্তি উপলক্ষ্যে জাতীয় ও স্থানীয় পর্যায়ে গৃহীত কর্মসূচী উপস্থাপন করেন। তিনি জানান, ১৬ ই ডিসেম্বর সূর্যদয়ের সাথে সাথে উপজেলা পরিষদের পক্ষথেকে সিলেট কেন্দ্রিয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হবে এরপর সিলেট সদর উপজেলা পরিষদ চত্তরে স্থাপিত জাতির পিতার ভার্স্কর্যে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হবে এতে সকলে উপস্থিতি কামনা করেন এছাড়া ১৬ ই ডিসেম্বর বিকেলে সারাদেশে একযোগে ভিডিও কনফারেন্সের মাধ্যমে গণপ্রজানতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা শপথ বাক্য পাঠ করাবেন, এতে সকলে উপস্থিত থাকার অনুরোধ জানান। তিনি প্রত্যেক ইউনিয়ন পরিষদকে স্বাধীনতার ৫০ বছর ও ১৬ ই ডিসেম্বর মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | | আলোচনাকালে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর বলেন, ২০২১-২২ অর্থ বছরে সিলেট সদর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উন্নয়ন তহবিল (নিজস্ব) এর অর্থ বিভাজন করে দেওয়া হয়েছে, শুধুমাত্র হাটখোলা ও কান্দিগাঁও ইউনিয়নের তালিকা পাওয়া গেছে। | ১.১। সভায় সর্বসম্মতিক্রমে ২০২১-২২ অর্থ বছরে সিলেট সদর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উন্নয়ন তহবিল (নিজস্ব) এর অর্থ বিভাজন মোতাবেক দ্রুত প্রকল্প দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/সিলেট সদর, সিলেট। |
| স্বাস্থ্য বিভাগ | | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি বলেন, সারাদেশে ৩য় ধাপে গণটিকা কার্যক্রম চলমান আছে। করোনা নতুন ধরণ অমিক্রন নিয়ে বিস্তাবরিত আলোচনা করেন। তিনি জানান, বিদেশ থেকে আগতদের স্ক্যানিং কার্যক্রম চলমান আছে। আগামী কিছুদিনের মধ্যে করোনার বোস্টার ডোজ প্রদান শুরু হবে। | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে, কমিউনিটি ক্লিনিক গুলোতে গনটিকা কার্যক্রমের বিষয়ে বহুল প্রচার করতে হবে, জনগনকে টিকা গ্রহণে উৎসাহিত করতে হবে এবং স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের বইপত্র ও মালমাল রাখার জন্য উপজেলা পরিষদের আওতায় একটি গো ডাউন নির্মাণের প্রস্তাব করেন। তিনি উপজেলা পরিষদের পক্ষ থেকে মাধ্যমিক শিক্ষা অফিসের জন্য একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর প্রদানের প্রস্তাব করেন। | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। কৃষি বিভাগের আওতায় গো-ডাউন নির্মাণের জন্য স্থান নির্ধারণ করা হয়েছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট বলেন খাদ্য বান্ধব কর্মসূচীর কার্যক্রম শেষ গত নভেম্বর-২১ মাস হতে আমন সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে, আমান ধান ২৭ টাকা কেজি প্রতি দাম নির্ধারণ করা হয়েছে, তিনি কৃষকদের উপজেলা খাদ্য গোদামে ধান বিক্রির জন্য উৎসাহ প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান ।এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। কৃষকদের উপজেলা খাদ্য গোদামে ধান বিক্রির জন্য উৎসাহ প্রদান করতে হবে । | সিলেট । উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । |
| (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আবাআকা প্রকল্প |
| বন বিভাগ | বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর, সিলেট । |
| উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | আলোচনাকালে ভাইস চেয়ারম্যান, সিলেট সদর, সিলেট উপজেলা কমিটিগুলো সক্রিয় করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের দৃষ্টি আকর্ষন করেন । তিনি আগামীতে যাবতীয় উন্নয়ন প্রকল্প প্রস্তাব কমিটির মাধ্যমে মাসিক সভায় উপস্থাপনের ও বাস্তবায়নের প্রস্তাব করেন । | ১.১) উপজেলা পরিষদের ১৭ টি কমিটির নিয়মিত দ্বি মাসিক সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট। |
| ৪।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে নতুন কোন প্রজ্ঞাপন, বিধি না থাকায় এ বিষয়ে কোন আলোচনা হয়নি । | ১.১ নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে নতুন কোন প্রজ্ঞাপন, বিধি না থাকায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ৫।মাননীয় উপদেষ্টার পরামর্শে | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | |
| ৬। নিয়মিত রাজস্ব ব্যয় | জীপগাড়ীর রক্ষনাবেক্ষন বাবত-৯,৩০০/- (নয় হাজার তিন শত) টাকা; ; নভেম্বর/২১ মাসের আপ্যায়ন বিল বাবদ-২০,০০০/-(বিশ হাজার) এবং অক্টোবর ও নভেম্বর/২১ মাসের আনুষাংগিক বিল বাবদ-১০,০০০/-(দশ হাজার) টাকা চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যানদ্বয়ের নভেম্বর/২১ মাসের সম্মানী ভাতা ও কর্মচারীদের বেতন ভাতা বাবদ-১,২৩,২০০/-(এক লক্ষ তেইশ হাজার দুই শত) টাকার বিল সহ সর্বমোট-১,৬২,৫০০/- (এক লক্ষ বাষট্টি হাজার) পাঁচ শত টাকার বিল মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ১.১। সভায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত বিল অনুমোদিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি বলেন, সিলেট সদর উপজেলা ২০১৮-১৯ অর্থ বছরে অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প মোল্লারগাঁও উচ্চ বিদ্যালয় ও খুরশিদ আলী উচ্চ বিদ্যালয়ের ভবণ নির্মাণ কাজ শেষ । তিনি চুড়ান্ত বিল প্রদানের লক্ষ্যে যাবতীয় কাগজপত্র পিএমইউ ইউনিটে প্রেরণের নিমিত্তে অদ্য সভায় উক্ত বিল অনুমোদনের জন্য উপস্থাপন করেন । | ১.১ সিলেট সদর উপজেলা ২০১৮-১৯ অর্থ বছরে অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প মোল্লারগাঁও উচ্চ বিদ্যালয় ও খুরশিদ আলী উচ্চ বিদ্যালয়ের ভবণ নির্মাণ কাজ চুড়ান্ত বিল অনুমোদিত হয় এবং বিল ও যাবতীয় কাগজপত্র পিএমইউ ইউনিটে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় । | সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |

<table>
<tr>
<td>৮। জন্ম ও মৃত্যু নিবন্ধন</td>
<td>
<table>
<tr><td>ইউনিয়নের নাম</td><td colspan="2">জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন</td><td>মন্তব্য</td></tr>
<tr><td></td><td>জন্ম</td><td>মৃত্যু</td><td></td></tr>
<tr><td>জালালাবাদ</td><td>১৭</td><td>২</td><td></td></tr>
<tr><td>হাটখোলা</td><td>৯</td><td>২</td><td></td></tr>
<tr><td>খাদিমনগর</td><td>২২</td><td>১১</td><td></td></tr>
<tr><td>খাদিমপাড়া</td><td>১৮</td><td>৭</td><td></td></tr>
<tr><td>টুকেরবাজার</td><td>১৮</td><td>৮</td><td></td></tr>
<tr><td>মোগলগাঁও</td><td>২৪</td><td>--</td><td></td></tr>
<tr><td>কান্দিগাঁও</td><td>--</td><td>--</td><td></td></tr>
</table>
</td>
<td>১.১ বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলে নিজ নিজ দায়িত্ব গুরুত্ব সহকারে পালন করতে হবে ।</td>
<td>চেয়ারম্যা (সকল) ইউ পরিষদ ও সংশ্লি সকল, সিলেট র, সিলেট ।</td>
</tr>
<tr>
<td>০৯। বিবিধ</td>
<td>
ক।চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট জানান মহান বিজয় দিবস-২০২১ ও বিজয়ের ৫০ বছর পূর্তী উপলক্ষে ১৫-১৭ ডিসেম্বর পর্যন্ত উপজেলা পরিষদ ভবন, বাসাবাড়ি, রাস্তা, অফিসগুলো আলোকসজ্জা (লাইটিং) করাতে হবে । তিনি সম্ভাব্য ৪৮,৭৮১/- (আট চল্লিশ হাজার সাতশত একাশি) টাকা উপজেলা রাজস্ব তহবিলের দিবস খাত হতে প্রদানের প্রস্তাব করেন ।<br><br>
খ। উপজেলা পরিষদ চেয়ারম্যান, সিলেট সদর, সিলেট জানান উপজেলা পরিষদ নতুন ভবন ও হলরুম রং নষ্ট হয়ে গেছে এবং উপজেলা পরিষদের পুরাতন নামের ফলকের পরিবর্তে নতুন ও অডিটরিয়ামের নামের ফলক স্থাপনের প্রস্তাব করেন ।<br><br>
গ। উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট বিগত মাসিক সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার/মেরামত কাজের ৬,৮২,৪৫৩/- (ছয় লক্ষ বিরাশি হাজার চার শত তিপান্ন) টাকার প্রাক্কলন অনুমোদন ও বিল প্রদানের জন্য প্রস্তাব উপস্থাপন করেন ।<br><br>
ঘ। । উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট উপজেলা পরিষদ এর সম্প্রসারিত ৪ তলা ভবন মেরামত এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস রুম ও সভাকক্ষ ইন্টেরিয়র ডিজাইন বাবদ ৩৮,০৩,৪১৬/-(আটত্রিশ লক্ষ তিন হাজার চার শত ষোল) টাকার প্রাক্কলন সভায় অনুমোদন এবং বাস্তবায়নের পূর্বে স্থানীয় সরকার বিভাগের অনুমতি গ্রহনের জন্য প্রস্তাব উপস্থাপন করেন ।<br><br>
ঙ। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা কমপ্লেক্সের অভ্যান্তরিন মাঠ সংস্কার ও পরিস্কার পরিচ্ছন্নতা করা দরকার। তিনি উপজেলা কমপ্লেক্সের অভ্যান্তরিন মাঠ সংস্কার ও পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ সম্ভাব্য-৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের পরিস্কার পরিচ্ছন্নতা খাত হতে পরিশোধের প্রস্তাব করেন ।<br><br>
চ। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার বলেন, বিগত সভার সিদ্ধান্তের আলোকে উপজেলা আনসার বাসভবনে নতুন মটর ও টেংকী ক্রয় এবং পানির লাইন সংস্কার বাবত-৪৩,৬০০/-(তেতাল্লিশ হাজার ছয় শত) টাকা রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত(আনসার) হতে পরিশোধের প্রস্তাব করেন ।
</td>
<td>
ক। মহান বিজয় দিবস-২০২১ ও বিজয়ের ৫০ বছর পূর্তী উপলক্ষে ১৫-১৭ ডিসেম্বর পর্যন্ত উপজেলা পরিষদ ভবন, বাসাবাড়ি, রাস্তা, অফিসগুলো আলোকসজ্জা (লাইটিং) বাবদ সম্ভাব্য-৪৮,৭৮১/- (আটচল্লিশ হাজার সাত শত একাশি) টাকা উপজেলা রাজস্ব তহবিলের দিবস খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>
খ। উপজেলা পরিষদ নতুন ভবন ও হলরুম রং করানো সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদের পুরাতন নামের ফলকের পরিবর্তে নতুন ও অডিটরিয়ামের নামের ফলক স্থাপন স্থাপন বাবত সম্ভাব্য ৭,৪০০/- টাকা রাজস্ব তহবিলের মুদ্রন ও বাধাই খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়<br><br>
গ। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার/মেরামত কাজের ৬,৮২,৪৫৩/- (ছয় লক্ষ বিরাশি হাজার চার শত তিপান্ন) টাকার প্রাক্কলন অনুমোদি হয় এবং উপজেলা রাজস্ব তহবিলের বাসাবাড়ি রক্ষনাবেক্ষন খাত হতে প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>
ঘ। উপজেলা পরিষদ এর সম্প্রসারিত ৪ তলা ভবন মেরামত এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস রুম ও সভাকক্ষ-ইন্টেরিয়র ডিজাইন বাবদ ৩৮,০৩,৪১৬/-(আটত্রিশ লক্ষ তিন হাজার চার শত ষোল) টাকার প্রাক্কলন সভায় অনুমোদিত হয় এবং বাস্তবায়নের পূর্বে স্থানীয় সরকার বিভাগের অনুমতি গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ।
</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট ।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ছ। আলোচনাক্রমে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের অভ্যন্তরিন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বৈদ্যুতিক লাইন, বাল্ব, ফ্যানের সংস্কার/মেরামত করা দরকার। তিনি এজন্য সম্ভাব্য -৭৫০০/-(সাত হাজার পাঁচ শত) টাকা উপজেলা রাজস্ব তহবিলের বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ খাত হতে প্রদানের প্রস্তাব করেন। | | ঙ। উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরিন মাঠ সংস্কার ও পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ সম্ভাব্য ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>চ। সভায় উপজেলা চেয়ারম্যান বাসভবনে নতুন মটর ও ট্যাংকী ক্রয় এবং পানির লাইন সংস্কার বাবদ ৪৩,৫০০/-(তেতাল্লিশ হাজার পাঁচ শত) টাকা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত(অনাবাসিক) হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়<br>ছ। সভায় উপজেলা পরিষদের অভ্যন্তরিন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বৈদ্যুতিক লাইন, বাল্ব ফ্যানের সংস্কার/মেরামত বাবদ সম্ভাব্য -৭৫০০/-(সাত হাজার পাঁচ শত) টাকা উপজেলা রাজস্ব তহবিলের বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২০২২

[illegible]
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।

স্মারক নং-৪৬.৪৫.৯১৬১.০০০.০৩.০০১.১৯.৬৩ (১০)

তারিখ: ০৫/১২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৩। জেলা প্রশাসক, সিলেট।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৭। উপজেলা ........................ কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৮। চেয়ারম্যান, ........................ ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৯। জনাব/বেগম, .................. সিলেট সদর, সিলেট।
১০। অফিস নথি।

২৮/১২/২০২২

মোঃ [illegible]
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলা পরিষদের ৩২ তম মাসিক সাধারন সভায় উপস্থিতি স্বাক্ষর :- জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় । ০৮/১২/২০২১

| ক্রমিক নং | নাম | পদবী/ঠিকানা | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । | |
| ০২ | মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । | |
| ০৩ | মানিক মিয়া | চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৪ | আজির উদ্দিন | চেয়ারম্যান ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৫ | দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৬ | আফছর আহমদ | চেয়ারম্যান, ৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৭ | এ এস এম আলী হোসেন | চেয়ারম্যান, ৫নং টুলটিকর ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৮ | আলহাজ্ব শহিদ আহমদ | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৯ | হিরণ মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ১০ | নিজাম উদ্দিন | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ১১ | মোছা: শিরিন আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য...আসন-০২, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ১২ | মোছা: লাভলী বেগম | সংরক্ষিত মহিলা সদস্য...আসন-০৩, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ১৩ | মঙ্গলা রানী সূত্রধর | সংরক্ষিত মহিলা সদস্য...আসন-০১, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ১৪ | শিরিন আক্তার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ১৫ | মো: নুরুল ইসলাম | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ১৬ | দ্বিজরাজ বর্মন | উপজেলা সিনিয়র মৎস অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ১৭ | আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ১৮ | ডা: আহমদ সিরাজুম মুনীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ১৯ | শাহিনা আক্তার | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (দায়িত্বে সিলেট সদর), সিলেট । | |
| ২০ | মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ২১ | মো: সাইফুল আজম | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । | |
| ২২ | গোলাম রাব্বানী মজুমদার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ২৩ | মো: আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ২৪ | নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ২৫ | নজরুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ২৬ | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ২৭ | মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট । | |
| ২৮ | মো: আজহারুল কবীর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ২৯ | মনোজ কান্তি দাস চৌধুরী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । | |
| ৩০ | | শাখা ব্যবস্থাপক ও উপজেলা সমন্বয়কারী, আবাআখা প্রকল্প, সদর, সিলেট । | |
| ৩১ | রাজীব কুমার দাস | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সিলেট সদর, সিলেট । | |
| ৩২ | মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা,, সিলেট সদর, সিলেট । | |
| ৩৩ | মোহাম্মদ এমদাদুল হক | উপজেলা নির্বাচন অফিসার , সিলেট সদর, সিলেট । | |